# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ হাজী কাদের বক্স ১৮৫৮ সালে ভারত শাসন আইন পাস হলে পরিবার নিয়ে বাংলায় চলে আসেন দিল্লি থেকে। এরপর থেকে বিলাসব্যসনে বড় হওয়া কাদের সাহেবের সময় অতিবাহিত হয় সাদাসিধে অনাড়ম্বর জীবনের মধ্য দিয়ে। ভারত শাসন আইন কেবল হাজী কাদের বক্সের ওপর নয় বরং গোটা বাংলার সামাজিক জীবনে প্রভাব বিস্তার করেছিল।

ক. বঙ্গভঙ্গ কখন হয়? ১

খ. ১৯৫৮ সালে ভারত শাসন আইন পাস হয়েছিল কেন? বুঝিয়ে লেখ। ২

গ. হাজী কাদের বক্সের ওপর প্রভাব বিস্তারকারী ভারত শাসন আইনের বিভিন্ন দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. হাজী কাদের বক্সের অনাড়ম্বর জীবন ছিল ভারত শাসন আইন পরবর্তী সময়ে গোটা বাংলার প্রতিচ্ছবি— বিশ্লেষণ কর। ৪

২ ▶ মুক্তিযোদ্ধা পরিবার হিসেবে ওয়াদুদ সাহেবের পরিবারের অনেক নামডাক আছে গ্রামে। এদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ওয়াদুদ সাহেব নিজে কাদেরিয়া বাহিনী এবং তার বড় ভাই রাসেল গণবাহিনীর সাথে যুদ্ধে অংশগ্রহণ করে। তাদের সময়োপযোগী সাহসী ভূমিকার কারণেই আজ এদেশের মানুষ স্বাধীনতার স্বাদ ভোগ করছে।

ক. সরকারি পর্যায়ে মুক্তিবাহিনী কয়টি ভাগে বিভক্ত ছিল? ১

খ. নিয়মিত বাহিনী বলতে কী বোঝায়? ২

গ. মুক্তিযুদ্ধের সময় রাসেলের কার্যক্রম ব্যাখ্যা কর। ৩

ঘ. "ওয়াদুদ সাহেব মুক্তিযুদ্ধের সময় প্রকৃত অর্থে আঞ্চলিক বাহিনীর অধীনে থেকে যুদ্ধ করেছে।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ কামাল ও জামাল দুই বন্ধু। তারা সমাজে মিলেমিশে বাস করে। তাদের রয়েছে নিজস্ব সংস্কৃতি। কিন্তু বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে সমাজ সংস্কৃতিতে নানা ধরনের পরিবর্তন ও উন্নয়ন সূচিত হয়েছে। এসব পরিবর্তন ও উন্নয়ন নানা বৈশিষ্ট্যে সমুন্নত।

ক. সংস্কৃতি কী? ১

খ. সামাজিকীকরণ একটি চলমান প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২

গ. কামাল ও জামালের সমাজে সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়নের ধারণা আলোচনা কর। ৩

ঘ. সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়ন নানা বৈশিষ্ট্যে সমুন্নত— বিশ্লেষণ কর। ৪


৪ ▶ ইভা ও ইকো দু বোন পুরনো ঢাকার রূপলাল হাউস এবং রোজ গার্ডেন দেখে মুগ্ধ হয়। এটি ঢাকার প্রাচীন স্থাপত্যকীর্তির বিখ্যাত নিদর্শন হিসেবে আজও সমধিক জনপ্রিয়। বাড়ি ফেরার পথে ইউরোপীয় স্থাপত্যরীতিতে তৈরি পুরনো হাইকোর্ট ভবনটিও তাদের নজর কাড়ল।

http://teachingbd.com

ক. আহসান মঞ্জিল কাদের দ্বারা তৈরি? ১
খ. ভবন হিসেবে কার্জন হলো সবচেয়ে সুন্দর কেন– ব্যাখ্যা কর। ২
গ. ইভা ও ইকো যে দুটি স্থাপত্য নিদর্শন দেখে মুগ্ধ হয়েছিল তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. ইভা ও ইকোর চিন্তাচেতনায় ইউরোপীয় স্থাপত্যরীতির ধারণা সঞ্চার করতে পুরনো হাইকোর্ট ভবনটিই যথেষ্ট– বিশ্লেষণ কর। ৪

৫ ▶ অনিক অষ্টম শ্রেণিতে পড়ে। তার ছোট ভাই ছোটনের বয়স ৭ বছর। অনিক তার ছোট ভাইকে সামাজিকীকরণের জন্য নানা ধরনের উপাদান ব্যবহার করে।
ক. অভিভাবন কী? ১
খ. সামাজিকীকরণে সমবয়সী বন্ধুর ভূমিকা বর্ণনা কর। ২
গ. অনিকের ছোট ভাই ছোটন কীভাবে সমাজবদ্ধ মানুষ হিসেবে সামাজিক প্রকৃতি অর্জন করে। ৩
ঘ. ছোটন যে পদ্ধতিতে সামাজিক প্রকৃতি অর্জন করে তা ছাড়া আর কোন ধরনের পদ্ধতি সামাজিকীকরণের উপাদান হিসেবে কাজ করে? ৪

৬ ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. বাংলাদেশের মোট জাতীয় উৎপাদনে এককভাবে কোন খাতের অবদান সর্বাধিক? ১
খ. বাংলাদেশের মোট জাতীয় আয়ের খাতগুলো ব্যাখ্যা কর। ২
গ. প্রদত্ত ছকের কোন তিনটি খাত জাতীয় আয়ে বেশি অবদান রাখে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রদত্ত ছকের মৎস্য, পাইকারি ও খুচরা বাণিজ্য, পরিবহন ও যোগাযোগ খাতের অবদান বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রহিমা বিবির মন প্রচণ্ড খারাপ। "আল্লাহ আমাকে ও আমার পরিবারকে শাস্তি দিচ্ছে।" কথাগুলো পাশের বাড়ির কুলসুমকে বলছে। কুলসুম বলল, "আরে না। আপনি দেখেননি। জাপানে কত মানুষ মারা গেছে। অনেক বাড়ি-ঘর ক্ষয়ক্ষতি হয়েছে।" রহিমা বিবি উত্তরে বলল, তুমি তো জানো আমার পাঁচ ছেলেমেয়ে। দুজন ঘূর্ণিঝড়ে হারিয়ে গেছে। আর তাদের খুঁজে পাইনি। একথা বলে কান্নায় ভেঙে পড়ে রহিমা।
ক. সুনামি শব্দের অর্থ কী? ১
খ. ভূমিধস কী কারণে ঘটে? ২
গ. রহিমা বিবির এ আক্ষেপের কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. "রহিমা বিবির মতো অনেকেই সুনামি নামক প্রাকৃতিক দুর্যোগের শিকার।"– উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৮ ▶ রবিন যে দেশে বাস করে সেদেশে অন্যান্য দেশের তুলনায় জনসংখ্যা খুব বেশি। কিন্তু সে মনে করে এ জনসংখ্যা যদি জনসম্পদে রূপান্তরিত করা যায় তবে দেশ উত্তরোত্তর সমৃদ্ধশালী হয়ে উঠবে।

ক. বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় কত? ১

খ. বেসরকারি সংস্থা পরিবার পরিকল্পনা বিষয়ে কোন ধরনের উপকরণ ব্যবহার করে? ২

গ. রবিনের দেশে কীভাবে জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা যায় আলোচনা কর। ৩

ঘ. অন্যান্য দেশের সাথে রবিনের দেশও জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করেছে– বিশ্লেষণ কর। ৪

৯ ▶ একজন মা হিসেবে রাবুকা তার সন্তানদের উপযুক্ত ধর্মীয় শিক্ষার ব্যবস্থা করেন। এক্ষেত্রে তাকে অবশ্য গারো সমাজের চিরাচরিত নিয়ম অনুসরণ করতে হয়। তবে তিনি ছেলেবেলায় যে অর্থনৈতিক ও ধর্মীয় বেড়াজালে আবদ্ধ ছিলেন বর্তমানে তার সন্তানদের এক্ষেত্রে অনেক পরিবর্তিত অবস্থার মুখোমুখি হতে হচ্ছে।

ক. গারোরা নিজেদের কী নামে পরিচয় দিতে পছন্দ করে? ১

খ. গারোদের সাংস্কৃতিক জীবনব্যবস্থা ব্যাখ্যা কর। ২

গ. রাবুকাকে সমাজের কী কী নিয়ম অনুসরণ করতে হয়– ব্যাখ্যা কর। ৩

ঘ. রাবুকার ন্যায় অন্যান্য গারোদের বর্তমান অর্থনৈতিক ও ধর্মীয় জীবনে এসেছে অনেক পরিবর্তন– উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

১০ ▶ রাসেল ছোটবেলা খুব সুন্দর পরিবেশেই বেড়ে ওঠে। কিন্তু নগরায়ণ ও জনসংখ্যা বৃদ্ধির কারণে তার একমাত্র সন্তান রুম্মান বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। সে জীববৈচিত্র্য রক্ষায় ভূমিকা রাখার জন্য বেশকিছু গুরুত্বপূর্ণ কাজ করবে বলে মনস্থির করেছে।

ক. জীববৈচিত্র্য কী? ১

খ. বাংলাদেশের জীববৈচিত্র্যের অবস্থা ব্যাখ্যা কর। ২

গ. জীববৈচিত্র্যের ভারসাম্য রক্ষায় রাসেল এবং আমাদের করণীয় কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাসেলের সন্তানের জন্য জীববৈচিত্র্য ছিল হুমকিস্বরূপ – উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶

| ক্রমিক নম্বর | বাংলাদেশে অবস্থানরত আন্তর্জাতিক সংস্থার অঙ্গ প্রতিষ্ঠান | সদর দপ্তর | সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ১ | X | প্যারিস | ১৮৯ |
| ২ | Y | রোম | ১৮৭ |
| ৩ | Z | নিউইয়র্ক | ১৪০ |

ক. জাতিসংঘের প্রথম উদ্দেশ্যটি লেখ। ১

খ. 'জাতিসংঘ শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখছে'– ব্যাখ্যা কর। ২

গ. 'X' নির্দেশিত সংস্থাটির কার্যক্রম ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলাদেশের প্রেক্ষাপটে 'Y' অপেক্ষা 'Z' এর ভূমিকা বেশি।' উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

### বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট | বহুনির্বাচনি অভীক্ষা | মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ঔপনিবেশিক শাসন কত সাল থেকে শুরু হয়?
ⓚ ১৭৫৭ ⓚ ১৭৭৬
ⓖ ১৮৫৭ ⓖ ১৮৯৯

(ক) ১৭৫৭ (খ) ১৭৭৬
(গ) ১৮৫৭ (ঘ) ১৮৯৯

২. সেন শাসনের অবসান ঘটে কাদের হাতে?
(ক) ইংরেজ (খ) পর্তুগিজ
(গ) তুর্কি (ঘ) মুসলমান

৩. সেন রাজাদের সম্পর্কে বলা যায়—
i. পাল রাজবংশের পরবর্তী শাসনকর্তা
ii. বাংলার স্থানীয় মানুষ ছিল না
iii. দক্ষিণ ভারত থেকে এসেছিল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪. ছিয়াত্তরের মন্বন্তরে মৃতের সংখ্যা কত ছিল?
(ক) প্রায় ১ কোটি (খ) প্রায় ২ কোটি
(গ) প্রায় ৩ কোটি (ঘ) প্রায় ৪ কোটি

৫. ভারত শাসন আইন জারির ফলে কোনটি ঘটেছিল?
i. কোম্পানি শাসনের অবসান
ii. নতুন করে নবাব নিয়োগ
iii. ভাইসরয় নিয়োগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৬. আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি এখানে কোন সুর দেওয়া হয়েছে?
(ক) মুর্শিদি (খ) ভাটিয়ালি
(গ) বাউল (ঘ) রবীন্দ্র

৭. সামাজিকীকরণের সর্বাপেক্ষা শক্তিশালী বাহন কী?
(ক) সমাজ (খ) বিদ্যালয়
(গ) সমবয়সী সঙ্গী (ঘ) পরিবার

৮. অনলাইনে ক্রেতা-বিক্রেতার পণ্য লেনদেন করা যায় কোনটির মাধ্যমে?
(ক) ই-মেইল (খ) ই-বুক
(গ) ই-কমার্স (ঘ) টুইটার

নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :
লামিয়া একদিন তার স্কুলে একটি সংগীত পরিবেশন করেন। যার লেখা প্রচুর গান, গজল রয়েছে। তিনি বিশ বছরে প্রায় ছয় হাজার গান রচনা করেছেন।

৯. অনুচ্ছেদে কোন সংগীতজ্ঞের কথা বলা হয়েছে?
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) মীর মশাররফ হোসেন (ঘ) শেখ সাদী

Teachingbd.com

১০. সংগীত বিশেষ স্থান অধিকার করে আছে—
i. স্বাতন্ত্র্যে
ii. বৈচিত্র্যে
iii. সৌন্দর্যে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓙ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii

১১. সরদার বাড়িতে কতটি কক্ষ রয়েছে?
ⓚ ৬০টি ⓙ ৭০টি
ⓖ ৮০টি ⓓ ৯০টি

১২. পানাম নগরের ভবনগুলো কোন আমলে নির্মিত?
ⓚ ব্রিটিশ ⓙ পাকিস্তান
ⓖ মুঘল ⓓ পাল যুগে

১৩. পানাম নগরের আশপাশে নির্মিত চমৎকার ভবন হলো—
i. শশী লজ
ii. সরদার বাড়ি
iii. হাসিময় সেনের বাড়ি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓙ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii

১৪. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য কী প্রয়োজন?
ⓚ সামাজিকীকরণ ⓙ প্রশিক্ষণ
ⓖ নৈতিকতা ⓓ সংস্কৃতি

১৫. বর্তমানে জাতীয় আয়ের একটি বড় অংশ আসছে কোন উৎস থেকে?
ⓚ কৃষি ⓙ শিল্প
ⓖ সেবা ⓓ রেমিটেন্স

১৬. সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি?
ⓚ রেডিও ⓙ টেলিভিশন
ⓖ সংবাদপত্র ⓓ ফেসবুক

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :
রিদম ভালো ছাত্র। সে পড়ালেখার পাশাপাশি বিভিন্ন সামাজিক সেবামূলক কাজে অংশগ্রহণ করে। সে এখন পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবের সাথে আগের চেয়ে ভালো আচরণ করে।

১৭. রিদমের পরিবর্তনে কোন প্রক্রিয়াটি কাজ করছে?
ⓚ সামাজিকীকরণ ⓙ রাজনৈতিক
ⓖ অর্থনৈতিক ⓓ পারিবারিক

১৮. উক্ত প্রক্রিয়ার মধ্য দিয়ে ব্যক্তি—
i. সমাজের নিয়ম পালনে অভ্যস্ত হয়ে গড়ে ওঠে
ii. সঠিক আচরণ করতে শিখে
iii. সুনাগরিক হিসেবে গড়ে ওঠে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓙ ii
ⓖ iii ⓓ i ও ii

১৯. ২০১২-১৩ অর্থবছরে GDP-তে মৎস্য খাতের অবদান কত?
ⓚ ৩.৩৭ ⓙ ৩.৮৭
ⓖ ৪.৩৭ ⓓ ৪.৮৭

Teachingbd.com

২০. নিচের কোন ব্যক্তি পেশাজীবী?

ক) কৃষক	খ) শ্রমিক
গ) ম্যাজিস্ট্রেট	ঘ) শিক্ষক

২১. বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির মূলে রয়েছে—

i. প্রবাসীদের আয়
ii. দেশজ উৎপাদন বৃদ্ধি
iii. শিল্পের কাঁচামাল আমদানি বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) ii ও iii
গ) i ও iii	ঘ) i, ii ও iii

২২. আমাদের দেশে কোন অঞ্চলে খরার প্রকোপ দেখা যায়?

ক) উত্তরাঞ্চলে	খ) পূর্বাঞ্চলে
গ) দক্ষিণাঞ্চলে	ঘ) পশ্চিমাঞ্চলে

২৩. সংবিধানের সর্বশেষ সংশোধনী কত সালে হয়?

ক) ২০১০	খ) ২০১১
গ) ২০১২	ঘ) ২০১৩

২৪. একটি লিখিত দলিল হিসেবে আমাদের সংবিধানে রয়েছে—

i. ১টি প্রস্তাবনা
ii. ১১টি অধ্যায়
iii. ১৫৩টি অনুচ্ছেদ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) ii ও iii
গ) i ও iii	ঘ) i, ii ও iii

২৫. সরকারের আয়-ব্যয় নিয়ন্ত্রণ করে কোন বিভাগ?

ক) আইন	খ) শাসন
গ) বিচার	ঘ) সংস্থাপন

২৬. পানি সেচের ব্যবস্থা করে—

ক) জেলা পরিষদ	খ) উপজেলা পরিষদ
গ) ইউনিয়ন পরিষদ	ঘ) পৌরসভা

২৭. জনকল্যাণমূলক কাজ সম্পাদন করার কোন বিভাগের কাজ?

ক) আইন	খ) শাসন
গ) বিচার	ঘ) শিক্ষা বিভাগ

২৮. ভূপৃষ্ঠের নিকটবর্তী বায়ুমন্ডলের স্তর কোনটি?

ক) ওজোন স্তর	খ) ট্রপোস্ফিয়ার
গ) মেসোস্ফিয়ার	ঘ) থার্মোস্ফিয়ার

২৯. সমুদ্রপৃষ্ঠ হতে ওজোন স্তর কত কিলোমিটার পর্যন্ত বিস্তৃত?

ক) ১৪ কিলোমিটার	খ) ১৮ কিলোমিটার
গ) ২০ কিলোমিটার	ঘ) ২৪ কিলোমিটার

৩০. নিচের কোনটি প্রাকৃতিক দুর্যোগ?

ক) বনভূমি বিনাশ	খ) নদীভাঙন
গ) মরুকরণ	ঘ) অগ্নিকান্ড

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

http://teachingbd.com